৭০
দৈনিক বাংলা
তারিখ 04 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ১

### এ মাসেই নিয়োগদানের সম্ভাবনা

# ঢাকা ভার্সিটির ৭০টি গুরুত্বপূর্ণ পদ পূরণে সিন্ডিকেটের কমিটি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা কর্মচারীদের ৭০টি গুরুত্বপূর্ণ পদ পূরণের জন্য সিন্ডিকেটের কমিটি গঠিত হয়েছে। আগামী কয়েকদিনের মধ্যে এসব পদে নিয়োগ দেয়া হবে।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, গত ২৭ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটে এসব পদ পূরণের জন্য বেশ কয়েকটি কমিটি গঠিত হয়েছে। কমিটি অচিরেই সিলেকশন বোর্ড বসিয়ে এসব নিয়োগের বিষয়টি চূড়ান্ত করবে।

যেসব পদের জন্য কমিটি গঠিত হয়েছে তার মধ্যে রয়েছে বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার বিভাগের ৪টি, শরীর চর্চা বিভাগের ১টি, প্লানিং এ্যান্ড ডেভেলপমেন্ট অফিসারের একটি, পাবলিক রিলেশন অফিসারের একটি, ছাত্র পরামর্শ ও নির্দেশনাদান বিভাগের পরিচালকের একটি, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রকের ৪টি ও গ্রন্থাগারিক-এর

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির ৭০টি

(প্রথম পৃষ্ঠার পর)

একটি পদ। এছাড়া ৬টি ইনস্টিটিউটের ১৯টি কর্মকর্তার পদের জন্য এসব কমিটি কাজ করবে। একজন ব্যক্তির একাধিক কমিটিতে সম্পৃক্ত থাকায় দ্রুত এসব নিয়োগদানের কাজ সম্পন্ন হচ্ছে না। সূত্র জানান, এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদের সম্পৃক্ততা রয়েছে এ ধরনের ১১টি কমিটিতে, প্রোভাইস চ্যান্সেলর প্রফেসর শহীদউদ্দীন আহমদের ৭টিতে, লোক প্রশাসন বিভাগের প্রফেসর সিন্ডিকেট সদস্য ডঃ মোসলেহ উদ্দীন তারেকের ৫টিতে, প্রফেসর মসিহুজ্জামানের ৭টিতে, বর্তমানে পিএসসির চেয়ারম্যান প্রফেসর এস এম এ ফায়েজও বেশ কয়েকটি পদের জন্য গঠিত কমিটিতে রয়েছেন।

এই শূন্য পদগুলির ৪০টি কর্মচারী ও ৩০টি কর্মকর্তাদের। দীর্ঘদিন ধরে পদগুলি শূন্য থাকার কারণে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কর্মকান্ড ব্যাহত হচ্ছে। এ কারণে পদগুলি দ্রুত পূরণের জন্য কর্তৃপক্ষ জোর চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

সূত্র জানান, পদগুলিতে চলতি আগস্ট মাসের মধ্যেই নিয়োগদান সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগামী ২১ অথবা ২২ আগস্ট সিন্ডিকেটের পরবর্তী সভায় এ পদগুলিতে নবনিযুক্তদের অনুমোদন দেয়া হবে।